

নথি নং: ০৮.০১.০০০.০১.০৫.০০২.২০১৬/ ১০


তারিখঃ ২৫/০৯/২০১৭ খ্রিস্টাব্দ।

প্রকাশিত সংবাদের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের বক্তব্য

২৫ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে দৈনিক আমাদের সময় পত্রিকায় প্রকাশিত “মূলধনী যন্ত্রপাতি আমদানিতে ভ্যাট সুবিধা প্রত্যাহার” শীর্ষক শিরোনামে প্রকাশিত প্রতিবেদনের প্রতি জাতীয় রাজস্ব বোর্ডের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের বক্তব্য নিম্নরূপ:

- এই সংবাদ প্রতিবেদনটি সম্পূর্ণ ভিত্তিহীন ও বাস্তবতা বিবর্জিত। দেশীয় শিল্পের বিকাশে জাতীয় রাজস্ব বোর্ড মূলধনী যন্ত্রপাতি আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান করেছে। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ জারির প্রাঙ্কালে এ রেয়াতি সুবিধা বহাল রাখা ও আইনগত শূণ্যতা পূরণের লক্ষ্যে প্রজ্ঞাপন এস.আর.ও নং- ২২৮-আইন/২০১৭/৭৭৮-মুসক, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ জারী করা হয়। সরকার পরবর্তীতে আইনটি বাস্তবায়ন দুই বছরের জন্য স্থগিত করলে জারীকৃত প্রজ্ঞাপনের আর কোন কার্যকারিতা না থাকায় প্রজ্ঞাপন এস.আর.ও নং- ২৮৬-আইন/২০১৭/৭৮৬-মুসক, তারিখঃ ১৩ সেপ্টেম্বর, ২০১৭ দ্বারা পূর্ববর্তী প্রজ্ঞাপন বাতিল করা হয়। এতে মূলধনী যন্ত্রপাতি আমদানিতে প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১২৮-আইন/২০১৭/১৪/ কাস্টমস, তারিখঃ ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ মারফত আরোপিত রেয়াতি সুবিধা পূর্বের মতোই বলবৎ রয়েছে অর্থাৎ মূলধনী যন্ত্রপাতি আমদানিতে ভ্যাট পরিশোধ করতে হবে না।
- শুল্ক-কর কাঠামোতে পরিবর্তন আনা হলে প্রজ্ঞাপন বাস্তবায়নের জন্য ASYCUDA WORLD এ পরিবর্তন আনা হয়, যা এক্ষেত্রে করা হয়নি। সুতরাং, এ প্রজ্ঞাপন জারীর মাধ্যমে মুসক আরোপিত হওয়ার সংবাদের কোন ভিত্তি নেই।
- কাস্টমস অনুবিভাগ হতে বিভিন্ন রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপনসমূহে পৃথকভাবে আমদানি পর্যায়ে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করার বিষয়টি উল্লেখ আছে। যেহেতু, মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশসহ বিভিন্ন প্রাধিকারভিত্তিক খাতে আমদানি পর্যায়ে ভ্যাট অব্যাহতি সুবিধা বহাল রাখা হয়েছে, সেহেতু অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ২২৮-আইন/২০১৭/৭৭৮-মুসক, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে পৃথক ভাবে ভ্যাট অব্যাহতি সুবিধা প্রদানের প্রয়োজন না থাকায় সরকার ১৩ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে প্রজ্ঞাপনটি বাতিল করে। এতে অহেতুক জটিলতা নিরসন হলো এবং বাস্তবায়ন প্রক্রিয়া অধিকতর সহজ হলো। ভ্যাট বিভাগের উক্ত এস.আর.ও টি মূলত: নতুন ভ্যাট আইনকে বিবেচনায় রেখেই প্রণয়ন করা হয়েছিল। ভ্যাট বিভাগের উক্ত এস.আর.ও টি বাতিল হওয়ায় মেশিনারীসহ কোন পণ্যের উপরই নতুন করে ভ্যাট আরোপ হয়নি।
- এক্ষেত্রে ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ এর পূর্বে আমদানি পর্যায়ে যে যে পণ্যের উপর ভ্যাট রেয়াতি সুবিধা, অব্যাহতি বা বহাল ছিল তা বর্তমানে অপরিবর্তিত রয়েছে।
- এই প্রতিবেদন প্রকাশের পূর্বে সংশ্লিষ্ট প্রতিবেদক জাতীয় রাজস্ব বোর্ডের কোন পর্যায়ের কোন কর্মকর্তার সাথে আলোচনা করেননি বা কারও বক্তব্য গ্রহণ করেননি। আলোচনা করলে বা বক্তব্য গ্রহণ করলে বিষয়টি জানতে এবং প্রকৃত অবস্থা অনুধাবন করতে পারতেন। অন্যথায়, এ ধরনের একতরফা প্রতিবেদন জনমনে বিভ্রান্তি সৃষ্টি করার পাশাপাশি অংশীজনের মধ্যে অস্থিরতা তৈরী করতে পারে।
- এ ধরনের ভুলতথ্য সম্বলিত প্রতিবেদন দেশের বিনিয়োগকারীদের প্রতি একটি ভুল বার্তা পৌঁছাবে, যা দেশের বিনিয়োগ-বান্ধব পরিবেশ তৈরিতে সরকারের সামগ্রিক উদ্যোগকে বাঁধাগ্রস্ত করবে- যা মোটেই কাম্য নয়। ভবিষ্যতে এ ধরনের সংবাদ পরিবেশনকালে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো।

উল্লিখিত সংবাদ প্রতিবেদনের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের এই প্রতিবাদপত্র একই গুরুত্ব সহকারে আপনার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


(সৈয়দ এ. মুন্সের)
জনসংযোগ কর্মকর্তা

প্রাপক,

বার্তা সম্পাদক

দৈনিক আমাদের সময়